



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা সরকারি কলেজ

পুলিশ লাইন, কুমিল্লা
www.cgcc.edu.bd, ই-মেইলঃ comillacollegebd@yahoo.com
টেলিফোনঃ ০৮১-৬৮৪১৩ (অফিস)



তারিখ : ১০/১২/২০১৯

২০২০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

কুমিল্লা সরকারি কলেজের ২০১৯ সালের দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষায় যে সকল শিক্ষার্থী সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং বিশেষ বিবেচনায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে ২০২০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ফরম পূরণের অনুমতি দেয়া হলো। ফরম পূরণের টাকা জমা ও ফরম পূরণ নিম্নোল্লিখিত তারিখ অনুসারে অনুষ্ঠিত হবে। পূর্বে কোন বেতনাদি পরিশোধ করে থাকলে তার রশিদ দেখিয়ে কলেজ অফিস থেকে আবেদন ফরম ও টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করতে হবে। আবেদনপত্র এবং টাকা জমা দেয়ার রশিদে স্পষ্ট করে শিক্ষার্থীর নাম, রোল নং, শিক্ষাবর্ষ ও বিভাগ লিখতে হবে। প্রত্যেক শিক্ষার্থী কলেজের জমা রশিদে উল্লিখিত টাকা কৃষি ব্যাংক, পুলিশ লাইন শাখায় জমা দিয়ে কলেজ কপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করে নির্ধারিত তারিখে জমা দিতে হবে। ফরম পূরণে কোন প্রকার ভুল ত্রুটির জন্য শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী কলেজ লাইব্রেরি হতে বই নিয়ে ফেরত দেয়নি তাদেরকে ফরম পূরণ করতে দেয়া হবে না।

ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ :

নিয়মিত বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রী : ১২/১২/২০১৯

নিয়মিত ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্র-ছাত্রী : ১২/১২/২০১৯

নিয়মিত মানবিক বিভাগের ছাত্র-ছাত্রী : ১৫/১২/২০১৯

অনিয়মিত সকল বিভাগের পরীক্ষার্থী (সকল বিষয়, এক/দুই বিষয় ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী) : ১৭/১২/২০১৯

ফরম পূরণের তারিখ :

নিয়মিত বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রী : ১৭/১২/২০১৯ (সকাল ০৯.০০ টা হতে দুপুর ০২.০০ টা পর্যন্ত)

নিয়মিত ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্র-ছাত্রী : ১৭/১২/২০১৯ (সকাল ০৯.০০ টা হতে দুপুর ০২.০০ টা পর্যন্ত)

নিয়মিত মানবিক বিভাগের ছাত্র-ছাত্রী : ১৭/১২/২০১৯ (সকাল ০৯.০০ টা হতে দুপুর ০২.০০ টা পর্যন্ত)

অনিয়মিত সকল বিভাগের পরীক্ষার্থী (সকল বিষয়, এক/দুই বিষয় ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী) : ১৮/১২/২০১৯

(সকাল ০৯.০০ টা হতে দুপুর ০২.০০ টা পর্যন্ত)

ফরম জমা দেয়ার স্থান :

বিজ্ঞান বিভাগ : অনার্স ভবনের ৩য় তলা

ব্যবসায় শিক্ষা বিভাগ : অনার্স ভবনের ২য় তলা

মানবিক বিভাগ : অনার্স ভবনের নিচ তলা

ফরম পূরণের সময় নিম্নলিখিত কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে :

১. এসএসসি পরীক্ষার রেজিঃ কার্ড অথবা প্রবেশ পত্রের ফটোকপি।
২. এক কপি পাসপোর্ট আকারের রশিদ ছবি।
৩. ব্যাংকে টাকা জমাদানের রশিদের কলেজের অংশ জমা দিতে হবে ও শিক্ষার্থীর অংশ নিজের কাছে সংরক্ষণ করতে হবে।
৪. অনিয়মিত/জিপিএ উন্নয়ন/মান উন্নয়ন/এক ও দুই বিষয় পরীক্ষার্থীদের রেজিঃকার্ড ও আগের বছরের প্রবেশ পত্রের মূলকপি ও ফটোকপি জমা দিতে হবে।
৫. অন্য কলেজে রেজিস্ট্রেশনধারীদের ছাড়পত্রের, রেজিঃকার্ডের ও বোর্ডের অনুমতিপত্রের ফটোকপি জমা দিতে হবে।
৬. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ২০১৯ সালের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর সৈয়দা বিলকিস আরা বেগম)

অধ্যক্ষ

কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা

(রোকসানা পারভীন)

আহবায়ক

২০২০ সালের উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি